

সারাদেশ

আশুগঞ্জে ভারতীয় শাড়িসহ প্রাইভেটকার জব্দ, গ্রেপ্তার ২

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে শুদ্ধ ফাঁকি দিয়ে আনা ১৪২ পিস ভারতীয় কাতান শাড়িসহ একটি প্রাইভেটকার জব্দ করেছে পুলিশ। এ ঘটনায় দুই চোরাকারবারিকে গ্রেপ্তার করা হয়েছে।

রোববার (২ আগস্ট) দুপুর ২টা ১০ মিনিটে গোপন সংবাদের ভিত্তিতে আশুগঞ্জ থানা পুলিশের একটি বিশেষ দল উপজেলার আশুগঞ্জ টোলপ্লাজা এলাকায় অভিযান চালিয়ে প্রাইভেটকারটি আটক করে।

পরে গাড়িটি তল্লাশি করে ১৪২ পিস ভারতীয় কাতান শাড়ি এবং একটি স্যামসাং অ্যান্ড্রয়েড মোবাইল ফোন জব্দ করা হয়। এ সময় চোরাচালানের অভিযোগে দুজনকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তার ব্যক্তির হাতিয়ার হাতিয়ার চূনারঘাট উপজেলার আনন্দপুর এলাকার সমবেশ পালের ছেলে সদেশ পাল এবং একই উপজেলার নরসিংহেরগাঁও এলাকার মৃত আমির হোসেনের ছেলে কামাল হোসেন।


ব্রাহ্মণবাড়িয়া জেলা পুলিশের মিডিয়া উইং এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করেছে।

এ ঘটনায় আশুগঞ্জ থানায় চোরাচালান আইনে একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।

এ বিভাগের আরও খবর



ভুল্লীতে আগুনে একই পরিবারের চার ঘর পুড়ে ছাই
ঠাকুরগাঁওয়ের ভুল্লী উপজেলার বালিয়া ইউনিয়নের কুমারপুর ফরেস্টের ডাংগাপাড়ায় অগ্নিকাণ্ডে একই পরিবারের চারটি ঘর পুড়ে গেছে। আজ সোমবার সকাল সাড়ে আট...



তজুমদ্দিনে মুক্তিযোদ্ধা কার্ড দেওয়ার কথা বলে পরিবারপ্রতি ৩ লাখ টাকা নেওয়ার অভিযোগ
ভোলায় তজুমদ্দিনে ভূয়া মুক্তিযোদ্ধা কার্ড তৈরি করে নেওয়ার কথা বলে করেকটি পরিবারের কাছ থেকে টাকা নেওয়ার অভিযোগ উঠেছে। পরিবারপ্রতি প্রায় ৩ লাখ...



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক
গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে ঐম্যাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/ashugnje-bhartij-shadish-praibhetkar-jbd-greptar-2>